২০২৪

# বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-DSE-T-2

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'দুই রাণীর দুই ছেলে'— দুই রাণীর দুই ছেলের নাম কী ছিল?

খ) 'সভার লোক চমকে উঠলো'— কোন গল্প থেকে নেওয়া হয়েছে? কী দেখে সভার লোক চমকে উঠল?

গ) 'আজও সেই নিয়ম চলে আসছে'— কার লেখা কোন গল্পের অন্তর্গত? কোন নিয়মের কথা বলা হয়েছে?

ঘ) লালু আর ভুলুর জেঠু কী করত? তার কটি সন্তান ছিল?

ঙ) 'ইচ্ছামতী' গল্পটি কার লেখা? সাহিত্যের কোন ধারার ছোটগল্প এটি?

চ) 'হাতিমি' কোন কোন প্রাণির সংমিশ্রণে তৈরি?

ছ) 'সেই খুড়ো আজ কল করেছেন আপন বুদ্ধি বলে'— সেই কলটির বৈশিষ্ট্য কী?

জ) কোন দেশের আইন-কানুন সর্বনেশে ছিল? সে দেশে কেন একুশ হাতা জল গোলানো হয়?

ঝ) শিবঠাকুরের দেশে হাঁচির নিয়ম কী ছিল? নিয়ম ভাঙার শাস্তিই বা কী কী ছিল?

ঞ) পাঁচুমামা কে? পাঁচুমামার পকেটের রুমালের রং কী ছিল?

(পরের পাতায়)

ট) শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের পাঠ্য গল্পের গোয়েন্দা চরিত্র কী বিষয়ে তদন্ত করেছিলেন?

ঠ) বিমানবিহারীর সাথে সবুজ বাক্সে কী কী ছিল?

ড) 'তদন্ত' গল্পে চার বন্ধুর নাম লেখো।

ঢ) 'তখন টুনটুনি ফস্কে গিয়ে উড়ে পালালো'— টুনটুনি কীভাবে উড়ে পালালো?

ণ) শৈলেন কে? শৈলেনের কাছে পথিক কী বলেছিলেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'টুনটুনি আর রাজার কথা' গল্পে রাজার কী পরিণতি হয়েছিল তা লেখো।

খ) 'খিচুড়ি' কবিতার অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো।

গ) 'তদন্ত' গল্পে উৎপল নাগচৌধুরী চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) 'ইচ্ছামতী' গল্প অবলম্বনে রাজার সাথে সিংহ ও দৈত্যের যুদ্ধের বর্ণনা দাও।

ঙ) 'অতুল কীর্তি রাখল ভবে চণ্ডীদাসের খুড়ো'— চণ্ডীদাসের খুড়ো কীভাবে নিজের কীর্তি পৃথিবীতে রাখলো?

চ) "... পেছনে হয়তো আরও অনেক গভীর চক্রান্ত হয়েছে"— কোন গল্প থেকে নেওয়া হয়েছে? বরদাচরণ কীভাবে চক্রান্তের কিনারা করেছে, তা গল্প অনুসারে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'নীলকমল আর লালকমল' গল্পটিতে কখনও রোমাঞ্চ, কখনও ভয় আবার কখনও কৌতুকময়তার সংমিশ্রণ দেখা গেছে— গল্পের নিরিখে সেই বিষয়ে আলোকপাত করো।

খ) বিচার ব্যবস্থার প্রতি বিদ্রোহ কীভাবে আপাত হাস্যের মধ্যে দিয়ে কবি ব্যক্ত করেছেন, তা 'একুশে আইন' কবিতা অবলম্বনে লেখো।

গ) 'রহস্যভেদ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

ঘ) "সেদিন তাদের ধৈর্য্যের বাঁধ ভেঙে পড়ল"— সেদিন বলতে কোন দিনের কথা বলা হয়েছে? কাদের ধৈর্য্যের বাঁধের কথা বলা হয়েছে? তাদের ধৈর্য্যের বাঁধ ভেঙে পড়ার কারণ কী? ২+১+৭

———————